এবার কোতোয়ালী থানায় নূরের বিরুদ্ধে অপহরণ ও ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের সাবেক সহ-সভাপতি (ভিপি) নুরুল হক নূরের বিরুদ্ধে এবার এক তরুণীকে অপহরণ, ধর্ষণে সহযোগিতা ও ডিজিটাল নিরাপত্তা আইনে রাজধানীর কোতোয়ালী থানায় মামলা হয়েছে। মামলায় নূরসহ ছয়জনকে আসামি করা হয়েছে।

বাংলাদেশ প্রতিদিনকে বিষয়টি নিশ্চিত করেছেন পুলিশের লালবাগ ডিসি বিপ্লব বিজয় তালুকদার।

এর আগে গত রবিবার রাতে লালবাগ থানায় ঢাবির এক ছাত্রীর দায়ের করা ধর্ষণ মামলায় নূরসহ ছয়জনকে আসামি করা হয়। মামলায় অভিযোগ করা হয়, বিয়ের প্রলোভনে ধর্ষণের শালিসে বিচার না করে উল্টো ভুক্তভোগীকে শাসিয়েছেন ভিপি নূর।

তবে গতকাল সোমবার রাতে আটক হওয়ার আগে ফেসবুক লাইভে এসে মামলায় তার বিরুদ্ধে করা অভিযোগের বিষয়টি প্রত্যাখ্যান করেছেন নুরুল হক নূর। পরে অবশ্য নূরকে ছেড়ে দেওয়া হয়।

সূত্র- বিডি-প্রতিদিন

৩ জেলা ৯ উপজেলা ও ৬১ ইউনিয়নে নৌকার প্রার্থী যারা

স্থানীয় সরকার নির্বাচন উপলক্ষে দেশের তিন জেলা, ৯ উপজেলা ও ৬১টি ইউনিয়নের চেয়ারম্যান পদে প্রার্থী চূড়ান্ত করেছে আওয়ামী লীগ। সোমবার বিকালে আওয়ামী লীগের স্থানীয় সরকার নির্বাচন মনোনয়ন বোর্ডের সভায় সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত নেয়া হয়।

আওয়ামী লীগ সভাপতি এবং দলের স্থানীয় সরকার নির্বাচন মনোনয়ন বোর্ডের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা সভায় সভাপতিত্ব করেন।

সভাশেষে আওয়ামী লীগের দফতর সম্পাদক বিপ্লব বড়ুয়া স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে প্রার্থী তালিকা প্রকাশ করা হয়।

তালিকা অনুযায়ী ফরিদপুর জেলা পরিষদে চেয়ারম্যান পদে মো. শামসুল হক, মাদারীপুর জেলা পরিষদে মুনির চৌধুরী এবং মৌলভীবাজার জেলা পরিষদে মিসবাহুর রহমানকে দলীয় মনোনয়ন দেয়া হয়েছে।

নওগাঁ জেলার মান্দা উপজেলায় চেয়ারম্যান পদে মো. এমদাদুল হক, বাগেরহাটের শরণখোলা উপজেলায় রায়হান উদ্দিন শান্ত, যশোর সদর উপজেলায় নুরজাহান ইসলাম নীরা, খুলনার পাইকগাছা উপজেলায় মো. আনোয়ার ইকবাল, সুনামগঞ্জ জামালগঞ্জ উপজেলায় মো. ইকবাল আল আজাদ, মাদারীপুরের শিবচর উপজেলা আ. লতিফ মোল্লা, কুমিল্লার দাউদকান্দি উপজেলায় মোহাম্মদ আলী, চাঁদপুরের মতলব দক্ষিণ উপজেলায় বিএইচএম কবির আহমেদ এবং চট্টগ্রামের রাঙ্গুনিয়া উপজেলায় স্বজন কুমার তালুকদারকে নৌকার মনোনয়ন দেয়া হয়েছে।

৬১ ইউনিয়ন: ৬১ ইউনিয়ন পরিষদ নির্বাচনেও আওয়ামী লীগের প্রার্থী ঠিক করা হয়েছে। টাঙ্গাইল জেলার টাঙ্গাইল সদর উপজেলার ঘারিন্দা ইউনিয়নে তোফায়েল আহমেদ। গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলার নাগরী ইউনিয়নে মোহাম্মদ অলিউল ইসলাম। নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার দাউদপুর ইউনিয়নে মো. নূরুল ইসলাম। নরসিংদী জেলার রায়পুরা উপজেলার আদিয়াবাদ ইউনিয়ন মো. সেলিম। ফরিদপুর জেলার মধুখালী উপজেলার গাজনা ইউনিয়নে সুখেন মজুমদার।

ময়মনসিংহ জেলার ময়মনসিংহ সদর উপজেলার বোররচর ইউনিয়নে আব্দুল আজিজ সরকার।

রংপুর সদর উপজেলার হরিদেবপুর ইউনিয়নে মো. একরামুল হক, চন্দনপাট ইউনিয়নে মো. আমিনুর রহমান, সদ্যপুস্কুরিনী ইউনিয়নে মো. মকছেদুর রহমান। রংপুর জেলা তারাগঞ্জ উপজেলার আলমপুর ইউনিয়নে মো. দেলওয়ার হোসেন, লালমনিরহাট জেলা হাতীবান্ধা উপজেলার গড্ডিমারী ইউনিয়নে মো. আবু বক্কর সিদ্দিক, পাটিকাপাড়া ইউনিয়নে মো. মজিবুল আলম। দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলার সাতনালা ইউনিয়নে মো. আব্দুল হামিদ শাহ। বগুড়া জেলা ধুনট উপজেলার কালেরপাড়া ইউনিয়নে মো. হারেজ উদ্দিন আকন্দ। চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলার চরঅনুপনগর ইউনিয়নে মো. সেরাজুল ইসলাম, নাচোল উপজেলার ফতেপুর ইউনিয়নে মো.

খাইরুল ইসলাম।

নওগাঁর বদলগাছী উপজেলার মথুরাপুর ইউনিয়নে মো. মাসুদ রানা। সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার পোরজানা ইউনিয়নে মো. আনোয়ার হোসেন। পাবনা জেলার ভাঙ্গুড়া উপজেলার ভাঙ্গুড়া ইউনিয়নে মো. বেলাল হোসেন খান, মণ্ডতোষ ইউনিয়নে মো. আফছার আলী।

চুয়াডাঙ্গা জেলা চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুপি ইউনিয়নে মোহা. শফিকুর রহমান। আলমডাঙ্গা উপজেলার ডাউকি ইউনিয়নে মো. তরিকুল ইসলাম। সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলার কেরালকাতা ইউনিয়ন মো. মোরশেদ আলী। বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলার কোদালিয়া ইউনিয়নে শেখ রফিকুল ইসলাম।

বরগুনা জেলার তালতলী উপজেলার কড়ইবাড়িয়া ইউনিয়নে নূর মোহাম্মদ। পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার মহিপুর ইউনিয়নে আ. মালেক আকন্দ। ভোলা জেলার লালমোহন উপজেলার ফরাজগঞ্জ ইউনিয়নে মো. ফরহাদ হোসেন (মুরাদ)। বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলার কলসকাঠী ইউনিয়নে মো. ফয়সাল ওয়াহিদ। উজিরপুর উপজেলার সাতলা ইউনিয়নে মো. খায়রুল বাশার লিটন।

গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলার জলিরপাড় ইউনিয়নে বিভা মণ্ডল। শরীয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলার মহিষার ইউনিয়নে মো. দেলোয়ার হোসেন সরদার।

নান্দাইল উপজেলার শেরপুর ইউনিয়নে মোয়াজ্জেম হোসেন মিল্টন ভূঁইয়া। ঈশ্বরগঞ্জ উপজেলার আঠারবাড়ী ইউনিয়নে জুবের আলম কবীর রূপক। ফুলপুর উপজেলার ছনধরা ইউনিয়নে মো. আবুল কালাম আজাদ। ফুলবাড়িয়া উপজেলা বালিয়ান ইউনিয়নে মো. মফিজউদ্দিন মণ্ডল। নেত্রকোনা জেলার পূর্বধলা উপজেলার ধলামূলগাঁও ইউনিয়নে মো. আব্দুল হালিম খান। সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলার লক্ষ্মীপাশা ইউনিয়নে মাহমুদ আহমদ। ওসমানীনগর উপজেলা সাদিপুর ইউনিয়নে মো. কবির উদ্দিন আহমদ। মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলার ভুনবীর ইউনিয়নে মো. আব্দুর রশীদ, মির্জাপুর ইউনিয়নে অপূর্ব চন্দ্র দেব। হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলার শাহজাহানপুর ইউনিয়নে বাবুল হোসেন খান।

ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল উপজেলার চুণ্টা ইউনিয়নে শেখ মো. হাবিবুর রহমান। কুমিল্লা জেলার বরুড়া উপজেলার আদ্রা ইউনিয়নে মো. আ. করিম। চাঁদপুর জেলার কচুয়া উপজেলার সাচার ইউনিয়নে মো. মনির

হোসেন, গোহট উত্তর ইউনিয়নে মো. কবির হোসেন। মতলব উত্তর উপজেলার জহিরাবাদ ইউনিয়নে সেলিম মিয়া, সুলতানাবাদ ইউনিয়নে হাবিবা ইসলাম সিফাত। শাহরাস্তি উপজেলার মেহের দক্ষিণ ইউনিয়নে মো. রুহুল আমিন। লক্ষ্মীপুর জেলার লক্ষ্মীপুর সদর উপজেলার চন্দ্রগঞ্জ ইউনিয়নে নুরুল আমিন। রামগঞ্জ উপজেলার ইছাপুর ইউনিয়নে শাহনাজ আক্তার। রায়পুর উপজেলার কেরোয়া ইউনিয়নে শাহিনুর বেগম রেখা। চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলার হারামিয়া ইউনিয়নে মো. জসিমউদ্দিন। ফটিকছড়ি উপজেলার নানুপুর ইউনিয়নে মো. শফিউল আজম, সুয়াবিল ইউনিয়নে জয়নাল আবেদীন।

মিরসরাই উপজেলার মিঠানালা ইউনিয়নে এমএ কাশেম।

লোহাগাড়া উপজেলার আমিরাবাদ ইউনিয়নে এসএম ইউনুচ, লোহাগাড়া ইউনিয়নে মোহাম্মদ নূরুছফা, আধুনগর ইউনিয়নে মুহাম্মদ নূরুল কবির।

একটি নয়, ট্রাম্পের কাছে পাঠানো হয়েছিল বিষাক্ত রাইসিনের ৬টি চিঠি!

দু’দিন আগে হোয়াইট হাউজের ভেতর থেকে ট্রাম্পের কাছে পাঠানো বিষাক্ত রাইসিনের একটি চিঠি উদ্ধার করে মার্কিন গোয়েন্দারা। সেটি এসেছিল কানাডা থেকে। অবাক করা বিষয় হল- কেবল একটি নয়, বিষাক্ত রাইসিনের ছয়টি চিঠি পাঠানো হয়েছিল ট্রাম্পের কাছে। খবর সিএনএন’র।

অবশ্য এই চিঠির প্রেরক হিসেবে একজন নারীকে যুক্তরাষ্ট্র-কানাডা সীমান্ত থেকে গ্রেফতার করা হয়েছে। কানাডার পুলিশ রবিববার মন্ট্রিলে তার অ্যাপার্টমেন্টে তল্লাশি চালায় এবং ছয়টি চিঠি পাঠানোর ব্যাপারে তথ্য পায়। অবশ্য ওই নারী কানাডা ও ফ্রান্সের দ্বৈত নাগরিক।

সোমবার রয়্যাল কানাডিয়ান মাউন্টেড পুলিশ জানিয়েছে, চিঠির সংখ্যা

মোট ছয়টি। তার মধ্যে একটি হোয়াইট হাউজে পৌঁছেছিল। বাকি পাঁচটি টেক্সাসে রয়েছে।

এ বিষয়ে রয়্যাল কানাডিয়ান মাউন্টেড পুলিশের কর্মকর্তা চার্লেস পইরিয়ের বলেছেন, ‘আমরা বিশ্বাস করি মোট ছয়টি চিঠি পাঠানো হয়েছিল। তার মধ্যে একটি হোয়াইট হাউজে ঢুকেছিল। বাকি পাঁচটি টেক্সাসে রয়েছে। যে অ্যাপার্টমেন্ট থেকে চিঠির বিষয়ে তথ্য উদ্ধার করা হয়েছে সেখানে আটক হওয়া নারী থাকেন কিনা সে বিষয়ে নিশ্চিত হওয়া যায়নি। তবে এটার সঙ্গে তিনি যুক্ত আছেন।’

বিডি প্রতিদিন

যুক্তরাষ্ট্রের ঘাঁটিতে চীনের কৃত্রিম হামলার ভয়ঙ্কর ভিডিও প্রকাশ

নতুন করে উত্তেজনা বাড়ালো চীনের বিমানবাহিনী। এবার পারমাণবিক ক্ষমতা সম্পন্ন চীনের এইচ-৬ বোমারু বিমানকে যুক্তরাষ্ট্রের প্রশান্ত মহাসাগরীয় সামরিক ঘাঁটি গুয়ামে হামলা চালাতে দেখা গেছে। কৃত্রিম এই ভিডিওটি গত শনিবার (চীনের পিপল’স লিবারেশন আর্মির বিমান বাহিনীর উইবু অ্যাকাউন্টে প্রকাশ করা হয়।

বিশ্লেষকরা বলছেন, ভিডিও প্রকাশের মধ্য দিয়ে মূলত যুক্তরাষ্ট্রকে হুঁশিয়ার করে দিয়েছে চীন। সোমবার ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স প্রকাশিত এক প্রতিবেদন থেকে এসব তথ্য জানা গেছে। বিশ্লেষকেরা মনে করেন ভিডিও`র মাধ্যমে যুক্তরাষ্ট্রকে সতর্ক করেছে চীন

দুই মিনিট ১৫ সেকেন্ড দীর্ঘ একটি ভিডিও প্রকাশ করে দেশটির বিমান বাহিনী। ভিডিওটিতে যে মার্কিন ঘাঁটিতে হামলা চালাতে দেখা গেছে সেই গুয়াম যুক্তরাষ্ট্রের অন্যতম বড় সামরিক স্থাপনা। প্রশান্ত মহাসাগরে অবস্থিত এই স্থাপনায় মার্কিন বিমান ঘাঁটিও রয়েছে।

এশিয়া-প্রশান্ত মহাসাগর অঞ্চলে যেকোনও সংঘাতের জবাব দিতে

যুক্তরাষ্ট্রের কাছে খুবই গুরুত্বপূর্ণ এই ঘাঁটিটি। ওই ঘাঁটিতে কৃত্রিম হামলা চালানোর যে ভিডিওটি চীন প্রকাশ করেছে তা শুরু হয়েছে হলিউড সিনেমার মতো নাটকীয় মিউজিক দিয়ে। এই মিউজিকের সঙ্গে সঙ্গে মরু অঞ্চলের কোনও এক ঘাঁটি থেকে এইচ-৬ বোমারু বিমানকে উড়াল শুরু করতে দেখা যায়।

ভিডিওটি’র নাম দেওয়া হয়েছে, ‘যুদ্ধের ঈশ্বর এইচ-৬কে আক্রমণ শানাচ্ছে।’ ভিডিওটির সংক্ষিপ্ত বর্ণনায় চীনা বিমানবাহিনী লিখেছে, ‘আমরা মাতৃভূমির আকাশ নিরাপত্তা প্রহরী; মাতৃভূমির আকাশ সবসময় সুরক্ষিত রাখার আত্মবিশ্বাস এবং ক্ষমতা দুইই আমাদের আছে।’ সূত্র : টাইমস অব ইন্ডিয়া।

শারমীন মৌসুমী কেকাকে আওয়ামী লীগ থেকে বহিষ্কারের সিদ্ধান্ত

ঝালকাঠি জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক শারমীন মৌসুমী কেকাকে দল থেকে বহিষ্কার করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

দলীয় ভাবমূর্তি ক্ষুন্ন করার অভিযোগে জেলা আওয়ামী লীগের এক জরুরি সভায় তাকে বহিষ্কারের সিদ্ধান্ত গৃহিত হয়।

সোমবার সন্ধ্যায় শহরের টাউন হলের জেলা আওয়ামী লীগের এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদ চেয়ারম্যান সরদার মো. শাহআলম।

জেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক অ্যাডভোকেট এম আলম খান কামাল জানান, দলীয় ভাবমূর্তি ক্ষুন্ন করার অভিযোগে জেলা আওয়ামী লীগের এক জরুরি সভায় সর্বসম্মতিক্রমে সাংগঠনিক সম্পাদক শারমিন মৌসূমী কেকাকে বহিষ্কারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আওয়ামী লীগের গঠনতন্ত্র অনুযায়ী তার বিরুদ্ধে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে বলেও জানান তিনি।

উল্লেখ্য, গত ৩০ আগস্ট রাত ৮টার দিকে এক গৃহবধূকে জিম্মি করে

সারারাত নির্যাতন শেষে মুক্তিপণ আদায় ও মাথার চুল কেটে শরীরের বিভিন্ন স্থানে চুন মাখিয়ে দেন আওয়ামী লীগ নেত্রী শারমিন মৌসূমী কেকা ও তার লোকজন। এ সময় ওই নির্যাতিত নারীর বিনীত অনুরোধে তার প্রাণ ভিক্ষা দেয়ার কথা বলে এ কথা কাউকে জানালে আগুন ধরিয়ে দেয়ারও হুমকি দেয়া হয়।

সূত্র- বিডি-প্রতিদিন

শীতে করোনা পরিস্থিতি আরো খারাপ হতে পারে- প্রধানমন্ত্রী

আসছে শীতে করোনা ভাইরাসের প্রকোপ যদি আবার বাড়ে, তা মোকাবিলায় এখন থেকেই সবাইকে প্রস্তুত থাকার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ‘করোনা ভাইরাস মোকাবিলায় সবাই আন্তরিকতার সঙ্গে কাজ করছে। সেজন্য হয়তো আমরা এটা মোকাবিলা করতে সক্ষম হয়েছি। তবে সামনে শীত, আরেকটু খারাপের দিকে যেতে পারে। তবু আমাদের এখন থেকে প্রস্তুত থাকতে হবে। আমাদের এই মুহূর্ত থেকেই তা মোকাবিলার জন্য প্রস্তুতি নিতে হবে।’

গতকাল রবিবার প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ ফান্ডে দেওয়া ৩৪টি বাণিজ্যিক ব্যাংকসহ বিভিন্ন সংগঠনের অনুদান গ্রহণকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। গণভবন থেকে এক ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রধানমন্ত্রী এই অনুষ্ঠানে যোগ দেন। প্রধানমন্ত্রীর পক্ষ থেকে তার মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস প্রধানমন্ত্রীর কার্যালয়ে (পিএমও) এই অনুদানের চেক গ্রহণ করেন।

এই অনুদান সাধারণ মানুষের কাজে লাগবে জানিয়ে প্রধানমন্ত্রী ভার্চুয়াল অনুষ্ঠানে উপস্থিত বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিদের বলেন, ‘এটা ঠিক যে এই করোনা ভাইরাসের কারণেই (সরাসরি উপস্থিত থেকে) দেখা হচ্ছে না। তবু বিকল্প ব্যবস্থা নেওয়া হয়েছে। আপনারা যে কষ্ট করে এসেছেন আমার অফিসে, সেজন্য আপনাদের সবাইকে আন্তরিক

ধন্যবাদ জানাই। সবাই সুস্থ থাকুক এটাই আমরা চাই। দোয়া করেন, দেশটা যাতে এই করোনা ভাইরাস মহামারি থেকে মুক্তি পায়। সারা বিশ্বই যাতে মুক্তি পায়। মানুষের সত্যিই খুব কষ্ট হচ্ছে এই করোনা ভাইরাসের কারণে।’

বাংলাদেশের ব্যাংকগুলো যেন ভালোভাবে পরিচালিত হয়, সেদিকে বিশেষ দৃষ্টি দিতে অনুষ্ঠানে উপস্থিত বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকস (বিএবি) প্রতিনিধিদের নির্দেশনা দেন প্রধানমন্ত্রী। ব্যাংকের মালিকদের বিভিন্ন দাবি সরকার ‘অত্যন্ত গুরুত্বের সঙ্গে’ বিবেচনা করে জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, কিছু কিছু ব্যাংক আছে অতি দুর্বল হয়ে যায়। সে ক্ষেত্রে অনেক সময় মার্জ করাতে হয়। অবিবেচনা করে কিছু করা হবে না এইটুকু ভরসা রাখবেন।

যে কোনো দুর্যোগ-দুর্বিপাকে বিএবির সদস্যরা এগিয়ে আসায় তাদের ধন্যবাদ জানিয়ে শেখ হাসিনা বলেন, ‘প্রাইভেটে ব্যাংকটা দেওয়ার সিদ্ধান্ত আমরাই নিয়েছিলাম। আমরা দিয়েছি সব থেকে বেশি। গ্রাম পর্যায় পর্যন্ত মানুষ যাতে ব্যাংকিংয়ে অভ্যস্ত হয়, তার ব্যবস্থাও আমরা নিয়েছি। এমনকি কৃষকদের ১০ টাকায় ব্যাংক অ্যাকাউন্ট খোলার ব্যবস্থাও করে দিয়েছি।’ তিনি বলেন, ‘আমি মনে করি, সব থেকে বড় কথা আমরা যত বড় প্রাইভেট ব্যাংক দিয়েছি, ব্যাপক হারে কর্মস্থান হয়েছে, অনেক মানুষের চাকরি হয়েছে। আর আমাদের ব্যবসা-বাণিজ্যও সম্প্রসারিত হয়েছে। সেখানে ব্যাংকগুলো যাতে ভালোভাবে চলে আমরা সেটাও চাই।’

কোভিড-১৯-এর অভিঘাত থেকে দেশের অর্থনীতিকে মুক্ত রাখতে প্রণোদনা প্যাকেজ ঘোষণাসহ সরকারের আন্তরিক প্রচেষ্টার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ‘আমরা দেশের ব্যবসা-বাণিজ্য ও অর্থনীতিকে সচল রাখতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছি। আমরা প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছি এবং যেখানে যা প্রয়োজন তা-ই দিয়েছি। কারণ জনগণের সেবা করাই আমাদের প্রধান লক্ষ্য।’

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকস (বিএবি)-এর নেতৃত্বে ৩৪টি বাণিজ্যিক ব্যাংক অনুষ্ঠানে ১৬৪ কোটি টাকা, বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট ১০ লাখ টাকা, মিনিস্টার গ্রুপ ২৫ লাখ টাকা, খাদ্য মন্ত্রণালয় ৬০ লাখ টাকা, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ১০ লাখ টাকা, বাংলাদেশ বিচার বিভাগীয় কর্মচারী অ্যাসোসিয়েশন ৪০ লাখ টাকা প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে অনুদান দিয়েছে বলে সরকারপ্রধানের দপ্তর থেকে জানানো হয়।

অনুদান দেওয়া ব্যাংকগুলোর মধ্যে রয়েছে—এবি ব্যাংক লিমিটেড, আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড, ব্যাংক এশিয়া লিমিটেড, ব্র্যাক ব্যাংক লিমিটেড, সিটি ব্যাংক লিমিটেড, ঢাকা ব্যাংক লিমিটেড, ইস্টার্ন ব্যাংক লিমিটেড, এক্সিম ব্যাংক লিমিটেড, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড, ইসলামী ব্যাংক (বিডি) লিমিটেড, যমুনা ব্যাংক লিমিটেড, মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড, মিডল্যান্ড ব্যাংক লিমিটেড, মধুমতি ব্যাংক লিমিটেড, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড, ন্যাশনাল ব্যাংক লিমিটেড, এনসিসি ব্যাংক লিমিটেড, এনআরবি ব্যাংক লিমিটেড, এনআরবি বাণিজ্যিক ব্যাংক লিমিটেড, এনআরবি গ্লোবাল ব্যাংক লিমিটেড, ওয়ান ব্যাংক লিমিটেড, পদ্মা ব্যাংক লিমিটেড, প্রাইম ব্যাংক লিমিটেড, পূবালী ব্যাংক লিমিটেড, এসবিএসি ব্যাংক লিমিটেড, শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড, সাউথইস্ট ব্যাংক লিমিটেড, স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড, ট্রাস্ট ব্যাংক লিমিটেড, ইউনিয়ন ব্যাংক লিমিটেড, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড ও উত্তরা ব্যাংক লিমিটেড।

আরো ছয়টি সংস্থা যেমন—খাদ্য মন্ত্রণালয়, ফোসা (ফরেন অফিসার্স স্পাউস অ্যাসোসিয়েশন), রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট অব আর্কিটেক্টস বাংলাদেশ (আইএবি), বাংলাদেশ জুডিশিয়াল এমপ্লয়িজ অ্যাসোসিয়েশন প্রধানমন্ত্রীর কল্যাণ তহবিলে অনুদান দিয়েছে। অনুষ্ঠানে বিএবির চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদারসহ অন্যান্য ব্যাংকের মালিক ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র-ইত্তেফাক

ভারতের সঙ্গে কষ্টে গড়া সম্পর্ক নষ্ট করছে পেঁয়াজ: সংসদীয় কমিটি

বন্ধুরাষ্ট্র হিসেবে ভারতের সঙ্গে সম্পর্ক উন্নয়নে বাংলাদেশের পক্ষ থেকে প্রচেষ্টার কথা তুলে ধরে পেঁয়াজ রফতানি বন্ধে দেশটির আকস্মিক পদক্ষেপের সমালোচনা করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়

সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।

চলতি মাসের শেষ নাগাদ দু’দেশের মন্ত্রী পর্যায়ের যৌথ পরামর্শক কমিশনের (জেসিসি) সভায় পেঁয়াজ রপ্তানি বন্ধ ও সীমান্তে বাংলাদেশি হত্যার জোরালো প্রতিবাদ জানাতে মন্ত্রণালয়কে সুপারিশ করা হয়েছে।

রোববার সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এ বিষয়ে আলোচনা হয়। এদিন ভারত-বাংলাদেশ সম্পর্ক নিয়ে রুদ্ধদ্বার বৈঠকের কথা থাকলেও তা হয়নি। জেসিসির বৈঠক শেষে বিষয়টি নিয়ে আলোচনা হবে বলে কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে।

সভা শেষে কমিটির সভাপতি মুহাম্মদ ফারুক খান সাংবাদিকদের বলেন, ‘আগামী ২৯ সেপ্টেম্বর জেসিসির মিটিং। ভারত আমাদের বন্ধু রাষ্ট্র। কিন্তু কিছু কর্মকাণ্ডের জন্য সম্পর্ক নষ্ট হচ্ছে। এত কষ্ট করে সম্পর্ক উন্নয়ন করি আর ছোট্ট পেঁয়াজের জন্য সম্পর্ক নষ্ট হয়। এর কারণে জনমনে বিরূপ প্রভাব পড়ে। হঠাৎ বন্ধ করে দিয়ে পরে দুঃখপ্রকাশ- এসব কোন ধরণের আচরণ?’

এদিকে জেসিসির বৈঠকে সীমান্ত হত্যা বন্ধে বাংলাদেশকে জোরালো পদক্ষেপ নিতে পরামর্শ দিয়েছে সংসদীয় কমিটি।

বৈঠক শেষে ফারুক খান দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর সম্মেলনের কথা তুলে ধরে বলেন, ‘গত দুই দিন ভালো মিটিং হয়েছে। এরকম ভালো মিটিং দশটা দেখেছি। দশটা মিটিংয়ে বলা হয়েছে সীমান্তে হত্যা বন্ধ হবে, কিন্তু হয়নি। জোর দিয়ে এগুলো বলতে হবে। আমরা এগুলো বন্ধ চাই। জোরে শোরে এটা বলতে হবে।’

কোটিপতি গাড়িচালক মালেকের বিরুদ্ধে মামলা, ১৪ দিনের

রিমান্ড আবেদন

স্বাস্থ্য অধিদফতরের কোটিপতি গাড়িচালক আবদুল মালেকের বিরুদ্ধে দুটি মামলা হয়েছে।

রোববার দিনগত রাত ১২টার পর র্যাব বাদী হয়ে তুরাগ থানায় এ মামলা করে।

তুরাগ থানার পরিদর্শক (তদন্ত) মো. শফিউল্লাহ এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি যুগান্তরকে বলেন, গাড়িচালক মালেকের বিরুদ্ধে অস্ত্র ও বিশেষ ক্ষমতা আইনে দুটি মামলা করেছে র্যাব। মামলার পর সোমবার সকালে তাকে আদালতে পাঠানো হয়েছে।

এদিকে ঢাকা মহানগর মুখ্য হাকিম আদালতে হাজির করে মালেককে জিজ্ঞাসাবদের জন্য ১৪ দিনের রিমান্ড আবেদন করেছে পুলিশ।

মামলার তদন্ত কর্মকর্তা এসআই রুবেল শেখ যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, মালেককে জিজ্ঞাসাবাদের জন্য ঢাকা মহানগর হাকিম দেবদাস চন্দ্র অধিকারীর আদালতে দুই মামলায় সাতদিন করে মোট ১৪ দিনের রিমান্ড আবেদন করা হয়েছে।

গতকাল রোববার ভোরে র্যাব-১ এর একটি দল তুরাগ থানাধীন কামারপাড়ার বামনেরটেক এলাকার বাসা থেকে আবদুল মালেককে গ্রেফতার করে। তার কাছ থেকে একটি বিদেশি পিস্তল, একটি ম্যাগজিন, পাঁচ রাউন্ড গুলি, দেড় লাখ বাংলাদেশি জালনোট, একটি ল্যাপটপ ও মোবাইল জব্দ করা হয়।

র্যাব জানিয়েছে, অবৈধ অস্ত্র, জালনোটের ব্যবসা ও চাঁদাবাজিসহ বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ডের সঙ্গে জড়িত ছিলেন মালেক। সুনির্দিষ্ট অভিযোগে ভিত্তিতেই তাকে গ্রেফতার করা হয়েছে।

স্বাস্থ্য অধিদফতরের তৃতীয় শ্রেণির কর্মচারী ড্রাইভার মালেকের ঢাকার বিভিন্ন স্থানে একাধিক বিলাসবহুল বাড়ি, গাড়ি ও ব্যবসাপ্রতিষ্ঠান রয়েছে বলে জানতে পেরেছে র্যাব। জাল টাকার ব্যবসা ছাড়াও তিনি এলাকায় চাঁদাবাজিতে জড়িত।

শুধু তাই নয়, গ্রেফতারের পর বিভিন্ন ব্যাংকে নামে-বেনামে বিপুল পরিমাণ অর্থ গচ্ছিত রয়েছে বলে জানিয়েছে র্যাব।

এদিকে স্বাস্থ্য অধিদফতর সূত্রে জানা গেছে, গাড়ি চালক আব্দুল মালেক দীর্ঘদিন ধরে অধিদফতরের বিভিন্ন বিষয় নিয়ন্ত্রণ করে আসছেন। বিশেষ করে অধিদফতরের তৃতীয় ও চতুর্থ শ্রেণির নিয়োগ-বদলি বাণিজ্য তার প্রধান কাজ। কোনো কর্মকর্তা যদি আবদুল মালেকের সুপারিশ না শোনেন তাহলে তাকে ঢাকার বাইরে বদলি করাসহ শারীরিকভাবে লাঞ্ছিত করার ঘটনা ঘটিয়েছেন একাধিকবার।

কর্মকর্তারা লোকলজ্জার ভয়ে এসব বিষয় কখনও প্রকাশ করেননি। নিজে অধিদফতরের একজন গাড়ির চালক হয়েও আ. মালেক একটি পাজেরো জিপ ব্যবহার করেন। এছাড়া স্বাস্থ্য অধিদফতরের ক্যান্টিন প্রিয় তিনি পরিচালনা করেন। তার রয়েছে তেল চুরির সিন্ডিকেট, স্বাস্থ্য অধিদফতরের যত গাড়ির চালক তেল চুরি করে, তার একটি অংশ তাকে দিতে হয়। এই সিন্ডিকেটের মাধ্যমে তিনি পুরো অধিদফতর নিয়ন্ত্রণের চেষ্টা করেন।

যুক্তরাষ্ট্র হুমকি দিলে কড়া জবাব দেওয়া হবে: রুহানি

যুক্তরাজ্য ও ইরানের মধ্যে উত্তেজনা ক্রমশই বেড়ে চলেছে। তেহরানের ওপর জাতিসংঘের নিষেধাজ্ঞা পুনরায় আরোপের ক্ষেত্রে যুক্তরাষ্ট্র পরাজিত হয়েছে বলে মন্তব্য করেছেন ইরানের প্রেসিডেন্ট হাসান রুহানি। তিনি বলেন, এরপরও যুক্তরাষ্ট্র কোনো হুমকি দিলে তার কড়া জবাব দেওয়া হবে। রবিবার টেলিভিশনে দেওয়া এক ভাষণে তিনি এ কথা বলেছেন।

গত মাসে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও বলেছিলেন, ইরানের ওপর জাতিসংঘের নিষেধাজ্ঞা ১৯ সেপ্টেম্বর থেকে পুনরায় আরোপের জন্য তিনি নিরাপত্তা পরিষদে ৩০ দিনের একটি প্রক্রিয়া চালু করবেন। এর ফলে আগামী ১৮ অক্টোবর তেহরানের ওপর অস্ত্র নিষেধাজ্ঞার মেয়াদ শেষ হওয়ার কথা থাকলেও তা আর শেষ হতে পারবে না।

অবশ্য জাতিসংঘের নিরাপত্তা পরিষদের ১৫ সদস্যের মধ্যে ১৩টিই জানিয়েছে, যুক্তরাষ্ট্রের এই পদক্ষেপ বাতিলযোগ্য। কারণ ২০১৫ সালে তেহরানের সঙ্গে ছয় জাতিগোষ্ঠীর যে পরমাণু চুক্তি হয়েছিল ট্রাম্প প্রশাসন ওয়াশিংটনকে সেই চুক্তি থেকে প্রত্যাহার করে নিয়েছে। চুক্তির পক্ষ না থাকায় চুক্তি সংক্রান্ত কোনো বিষয়েই যুক্তরাষ্ট্রের কোনো সিদ্ধান্ত নেওয়ার এখতিয়ার নেই। যুক্তরাষ্ট্র অবশ্য এই দাবি মানতে নারাজ।

প্রেসিডেন্ট রুহানি তার ভাষণে বলেছেন, ‘নিষেধাজ্ঞার পদক্ষেপের বেলায় আমেরিকা নিশ্চিত পরাজয়ের কাছাকাছি চলে গেছে তারা পরাজয়ের মুখোমুখি এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছে নেতিবাচক জবাব পেয়েছে।’

সূত্র- বিডি প্রতিদিন

উত্তেজনার মাঝেই লাদাখে রাফাল উড়াল ভারত, কড়া নজর চীনের ওপর

সীমান্ত নিয়ে বেশ কিছু দিন ধরেই উত্তেজনা চলছে ভারত ও চীনের মধ্যে। দীর্ঘ প্রায় পাঁচ মাস ধরে অব্যাহত রয়েছে উত্তপ্ত পরিস্থিতি। বেশ কয়েকবার কমান্ডার লেভেলের বৈঠকের পরও অবস্থার তেমন কোনও উন্নতি হয়নি।

মাঝে রাশিয়ায় দুই দেশের প্রতিরক্ষামন্ত্রী বৈঠকে বসে উত্তেজনা প্রশমনে পাঁচ দফা পরিকল্পনা বাস্তবায়নে একমত হলেও তা আর আলোর মুখে দেখেনি।

এরপরও চীন প্রায়ই ভারতকে হুমকি দিতে সচেষ্ট হয়ে উঠেছে। এর মধ্যেই ভারতীয় বিমান বাহিনীর রাফালও উড়াল দিল লাদাখের আকাশে।

জানা গেছে, রবিবার সন্ধ্যার পড়ে আম্বালা এয়ারবেস থেকে লাদাখের উদ্দেশ্যে রওনা দেয় রাফাল যুদ্ধবিমান। লাদাখে পরিস্থিতির ওপর নজর রাখতেই রাফালকে কাজে লাগানো হয়েছিল বলে মনে করা হচ্ছে।

এমনকি সোমবার সকালেও লাদাখ ও ল’র আকাশে উড়তে দেখা যায় রাফাল যুদ্ধবিমানকে। এর ফলে স্পষ্ট, সীমান্তে একদিকে যেমন মোতায়েন সেনারা সজাগ রয়েছে, তেমনই বায়ুসেনাও নজর রাখছে চীনের ওপর।

এর আগে মিগ-২১, তেজস-সহ একাধিক যুদ্ধবিমান দিয়ে আকাশ থেকে লাদাখের পরিস্থিতির দিকে নজরদারি চালিয়েছে ভারত। তবে এবার ময়দানে রাফায়েল জেটও। অর্থাৎ ভারতীয় বিমানবাহিনীর আনুষ্ঠানিকভাবে যোগদানের দশ দিনের মধ্যেই এই যুদ্ধ বিমানকে অ্যাক্টিভভাবে কাজে লাগানো হচ্ছে। ১০ সেপ্টেম্বর আনুষ্ঠানিকভাবে ভারতীয় বায়ুসেনায় যোগ দিয়েছিল রাফাল ফাইটার জেট।

তবে এই সমস্ত যুদ্ধবিমান ছাড়াও অ্যাপাচি হেলিকপ্টার এবং চিনুক হেলিকপ্টারগুলোও সেনাবাহিনীকে নানা দরকারি জিনিস পৌঁছে দিতে এই মুহূর্তে সহায়তা করছে এবং সীমান্তে কড়া নজর রাখছে ভারতীয় বাহিনী। চীনের যেকোনও ভুল পদক্ষেপের উত্তর যে ভারত দেবে, সে কথা আর বলার অপেক্ষা রাখে না। সূত্র: কলকাতা২৪